দৈনিক খবর

তারিখ ... 13 OCT 1989
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

## শিক্ষকদের ভূমিকার ওপর গুরুত্বারোপ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম শিক্ষার পরিবেশ উন্নয়ন এবং সরকার গৃহীত শিক্ষার সংস্কারমূলক কর্মসূচী বাস্তবায়নে শিক্ষক সমাজের ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করেছেন। খবর তথ্য বিবরণীর'।

৭-এর পাতায় দেখুন

## শিক্ষা সংস্কার

প্রথম পৃষ্ঠার পর

মন্ত্রী গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ শহীদুল্লাহর নেতৃত্বে বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক ও সরকারী স্কুল শিক্ষকদের একটি প্রতিনিধি দলের সাথে এক বৈঠকে এ কথা বলেন। শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরীর ও বৈঠকে উপস্থিতছিলেন।

বৈঠকে অন্যান্যের মাঝে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব আতাউল হক, শিক্ষক সমিতি ফেডারেশনের অধ্যাপক এ কে এম আলী রেজা, অধ্যাপক কাজী ফারুক আহমেদ, আবদুর রাজ্জাক, অধ্যাপক মোয়াজ্জেম হোসেন খান, মুহঃ শহীদুর রহমান, আলহাজ্ব মওলানা পীরজাদা সৈয়দ শরিয়তুল্লাহ, অধ্যাপক এ বি এম জনাব আলী, অধ্যাপক এ বি এম আবুল কাশেম, অধ্যাপক আলী আকবর খান, অধ্যাপক আসাদুল হক, মোহাম্মদ তোয়াহা, আঃ করিম এবং মওলানা নুরুল ইসলাম উপস্থিত ছিলেন।